

2 FEB 20 3

সংবাদ

তারিখ .....  
পৃষ্ঠা ..... ২

সুরভির রজতজয়ন্তী অনুষ্ঠান

প্রতিটি শিক্কে যোগ্য  
নাগরিক হিসেবে গড়ে  
তুলতে প্রধানমন্ত্রীর আহ্বান

প্রতিটি মিত্র যাতে ছুঁলে যেতে পারে এবং যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে সে লক্ষ্যে কাজ করার জন্য প্রধানমন্ত্রী সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

শনিবার রাজধানীর পিলাখানার বিডিআর দরবার হলে শিক্ষা প্রতিষ্ঠান সুরভির রজতজয়ন্তীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

সুরভির শিক্ষার্থীদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, আশা করছি সুরভির মতো আরও অনেক ছুঁল আত্মপ্রকাশ করবে। এসব ছুঁলের ছেলেমেয়েরা তোমাদের মতো করে লেখাপড়া করবে এবং নিজেদের তরিয়াক পড়বে।

আহ্বান : পৃঃ ১১ কঃ ২

আহ্বান : প্রধানমন্ত্রী  
(১ম পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী বলেন, আমি তোমাদের প্রতিভা পেতে মুগ্ধ হয়েছি। তোমরা যে এতটা প্রতিভাধর এখানে আসার আগে তা বুঝতে পারিনি।

সুরভি একটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান। অর্থহীন ও সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের এরা শিক্ষা প্রদান করে থাকে। নগরীতে সুরভির ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ১২ হাজার কর্মরত ও সুবিধাবঞ্চিত ছেলেমেয়ে পড়াশোনা করছে। ১৯৭৯ সালের ১লা ডিসেম্বর থেকে এ পর্যন্ত ১৫ লাখ অনগ্রসর ছেলেমেয়ে সুরভি থেকে শিক্ষা গ্রহণ করেছে। এ প্রতিষ্ঠান ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া ছাড়াও ছেলেদের ক্রীড়াগরি এবং মেয়েদের গৃহস্থালি শিক্ষা প্রদান করে থাকে।

রজতজয়ন্তী অনুষ্ঠানে সুরভির শিক্ষার্থীদের পরিবেশন করা দেশাত্মবোধক গান ও লোকনৃত্য প্রধানমন্ত্রীর উপস্থিতি দর্শকদের গভীরভাবে মুগ্ধ করে।